দৈনিক বাংলা

তারিখ 03 DEC 1991
পৃষ্ঠা ৭ কলাম ২

১১৪

৩০

# শিক্ষকদের বের করে দিয়ে অবাধে নকল

স্টাফ রিপোর্টার ঃ যশোর, ২ ডিসেম্বর।— যশোর পলিটেকনিক ইনস্টিটিউটে আজ সোমবার ছাত্ররা পরীক্ষার হল থেকে সব শিক্ষককে বের করে দিয়েছে।

এরপর ছাত্ররা বই খুলে অবাধে প্রশ্নপত্রের উত্তর লিখতে থাকে।

আজ ছিল পলিটেকনিকের বিভিন্ন বিভাগের ফাইনাল পরীক্ষা। পুলিশ এবং কর্তব্যরত ম্যাজিস্ট্রেট অসহায়ের মত হলের বাইরে দাঁড়িয়ে থাকেন। শিক্ষকরা কেউ পুলিশের সাহায্য পাননি।

এর আগে গত শুক্রবার একদল ছাত্র ইনস্টিটিউটের অধ্যক্ষকে তাঁর বাসা থেকে বের করে দেয়। নিরাপত্তার জন্য পরিবার পরিজন নিয়ে তিনি কোতোয়ালী থানায় আশ্রয় নেন।

তার আগে ইনস্টিটিউট ক্যাম্পাসে তার বাসভবনে উপর্যুপরি বোমা বিস্ফোরণ ঘটানো হয়।

পরীক্ষায় নকল রোধের ব্যাপারে এই অধ্যক্ষের খ্যাতি আছে। নকল করতে না দেয়ার জন্য কিছু ছাত্র তাকে বাসা থেকে বের করে দেয় বলে অভিযোগ। তিনি এখনও বাসায় ফিরতে পারেননি।

## ৬ লাখ টাকার আফিম উদ্ধার

বিডিআর যশোর সীমান্ত থেকে ৮ কেজি আফিম উদ্ধার করেছে। আফিমের মূল্য ৬ লাখ ৪০ হাজার টাকা।

এই মাদকদ্রব্য ভারত থেকে আনা হচ্ছিল।

বিডিআর জানায়, আফিম উদ্ধারের ঘটনা রোববার সন্ধ্যার।

বেনাপোল সীমান্তের ২ কিলোমিটার উত্তরে নারায়ণপুর গ্রামে। টহল দেয়ার সময় বিডিআর ক'জন লোক দেখতে পায়। তারা পৌছার আগেই লোকগুলো কেটে পড়ে। সেখানে পলিথিনে মোড়ানো ৮ কেজি আফিম পাওয়া যায়।

শারশা থানায় মামলা দায়ের করা হয়েছে।